

ব্যক্তিমূলক প্রশিক্ষণ কোর্স

ব্যক্তিমূলক ১০টি ট্রেডে ছ'মাস মেয়াদী কোর্স চালুর যে সিদ্ধান্ত নেয়া হয়েছে, তা খুবই প্রয়োজনীয় এবং আশাব্যঞ্জক। এ-সংক্রান্ত খবরে বলা হয়েছে : প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন বিষয়ক জাতীয় পরিষদের চেয়ারম্যান, শ্রম ও জনশক্তি মন্ত্রী এমরুল ভাইস মার্শাল (অবঃ) কে এম আকিনুল ইসলামের সভাপতিত্বে পরিষদের দ্বিতীয় দফা बैठকে দেশের ব্যক্তিমূলক প্রশিক্ষণ ইন্সটিটিউট ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে ১০টি ট্রেডে ৬ মাসের স্বল্পমেয়াদী কোর্স চালুর বিষয় অনুমোদন করা হয়।

ছ' মাসের স্বল্পমেয়াদী অলোচ্য কোর্স চালু হলে ১০টি ট্রেডে ব্যক্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণ দান এবং এসব ট্রেডে দক্ষ ও অভিজ্ঞ জনশক্তি তৈরির পথই প্রশস্ততর হবে। দেশে যেমন, বিদেশেও তেমন আমাদের ব্যক্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণ-প্রাপ্ত জনশক্তির স্বথেষ্ট চাহিদা ও কদর আছে। ব্যক্তিমূলক প্রশিক্ষণ ইন্সটিটিউট ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে যারা বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ লাভ করবেন, স্বদেশে-বিদেশে চাকরি পাওয়া, কিংবা স্বাধীনভাবে ব্যবসা করা এবং অর্থনৈতিক উন্নয়নের জন্যই তা তাদের পক্ষে সহায়ক হবে। ব্যক্তিমূলক ও কারিগরি শিক্ষার প্রয়োজনীয়তা এবং দক্ষ জনশক্তির চাহিদার পরিপ্রেক্ষিতে বেসরকারী উদ্যোগে দেশে অনেক প্রশিক্ষণ ইন্সটিটিউট চালু হয়েছে। তবে এসব প্রতিষ্ঠানের শিক্ষার মান যাচাই হওয়া দরকার। আমরা আশা করবো, সরকারী উদ্যোগে আলম ও ব্যাপকভাবে প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হবে।